নিলাম বিজ্ঞপ্তি

১। বেস সাপ্লাই ডিপো চট্টগ্রাম, চট্টগ্রাম সেনানিবাস।

২। কাজের বিবরণ সাধারণঃ এতদ্বারা সর্ব সাধারণকে জানানো যাচ্ছে যে, প্রচুর সংখ্যক ব্যবহার যোগ্য/মেরামত যোগ্য এবং অকেজো ব্যারেল, প্লাষ্টিক ক্যান, বোতল, পলিথিন/নাইলন/পাটের বস্তা এবং অন্যান্য মোড়ক সামগ্রী বেস সাপ্লাই ডিপো চট্টগ্রাম, চট্টগ্রাম সেনানিবাসে আগামী ২৩ অগ্রহায়ণ ১৪৩৩ বাংলা/ ০৮ ডিসেম্বর ২০২৬ ইং তারিখ ১১০০ ঘটিকায় প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে। নিলামযোগ্য সামগ্রীর লট সমূহ ০৮ ডিসেম্বর ২০২৬ ইং সকাল ০৯০০ ঘটিকা হতে ১০৩০ ঘটিকা পর্যন্ত নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিবর্গের পরিদর্শনের জন্য উন্মুক্ত রাখা হবে। সকল নিলাম ডাককারীদেরকে নিলাম শুরুর পূর্বে নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) বাবদ (অধিনায়ক বিএসডি চট্টগ্রাম এর অনুকূলে) ১,০০,০০০.০০ (এক লক্ষ টাকা মাত্র) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নিলাম পরিচালনা পর্ষদ সভাপতি/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নিকট জমা করতে হবে। প্রত্যেক লটের সর্বোচ্চ নিলাম ডাক দাতাকে তাৎক্ষণিকভাবে লটের নিলাম মূল্যের ২৫% নিলাম পরিচালনা পর্ষদ সভাপতি/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নিকট জমা করতে হবে। প্রত্যেক লটের সর্বোচ্চ নিলাম ডাক দাতাকে তাৎক্ষণিকভাবে লটের মূল্যের আয়কর বাবদ ১০% এবং মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ১৫% নিলামের স্থলে নিলাম পরিচালনাকারীর নিকট জমা করতে হবে। এখানে উল্লেখ্য যে, নিলাম কার্য সম্পন্ন হওয়ার পর সরকারী আদেশে কোন পরিবর্তন অর্থাৎ আয়কর, ভ্যাট সংক্রান্ত নির্দেশ আসলে তা নিলাম ডাক গ্রহনকারীকে মানতে হবে। কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের পর অবশিষ্ট সমুদয় মূল্য পরবর্তী ০৬ (ছয়) কার্য দিবসের মধ্যে জমা পূর্বক নিজ খরচে নিলামকৃত মালামাল ডেলিভারি নিতে হবে। অন্যথায় নিলামের স্থলে জমাকৃত ২৫%, আয়কর ১০% এবং মূল্য সংযোজন কর (ভ্যাট) ১৫% বাবদ জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে। অন্যান্য শর্ত/নিয়মাবলী নিলামের স্থলে নোটিশ আকারে জানানো হবে। নিলাম কার্য পরিচালনার জন্য গঠিত বোর্ড অব অফিসার্স কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন লটের নিলাম দর গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা রাখেন। নিলাম সম্পন্ন হবার পর তা সেনাসদর থেকে অনুমোদিত হবার পরই নিলামকারীকে মালামাল দেয়া হবে। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে চট্টগ্রাম সেনানিবাসে প্রবেশকালে এমপি চেকপোষ্টে পত্রিকায় প্রকাশিত নিলাম বিজ্ঞপ্তি কর্তব্যরত এমপিকে দেখাতে হবে। কোন অবাঞ্ছিত/কালো তালিকাভুক্ত ব্যক্তিবর্গ/প্রতিষ্ঠানকে সেনানিবাসে প্রবেশ করতে দেয়া হবে না।

ক। দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় ঃ ০৮ ডিসেম্বর ২০২৬ (০৯০০ ঘটিকা)
খ। দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় ঃ ০৮ ডিসেম্বর ২০২৬ (১০৩০ ঘটিকা)
গ। নিলাম কার্য শুরুর তারিখ ও সময় ঃ ০৮ ডিসেম্বর ২০২৬ (১১০০ ঘটিকা)

অধিনায়ক
বেস সাপ্লাই ডিপো চট্টগ্রাম
চট্টগ্রাম সেনানিবাস